

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৩৬

১/ বিবিধ

আরবী

المتحابون في الله على كراسي من ياقوت أحمر حول العرش  
منكر

رواه الطبراني (1 / 198 / 2) وابن عدي (2 / 212) والثقفى في " الثقفيات " (6 / 49 / 2) عن عبد الله بن عبد العزيز الليثى: حدثني سليمان بن عطاء بن يزيد الليثى عن أبيه عن أبي أيوب مرفوعا، وقال ابن عدي: " حديث غير محفوظ ". قلت: وسنده ضعيف جدا، الليثى هذا قال البخاري وأبو حاتم: " منكر الحديث ". وقال ابن حبان في " المجروحين " (2 / 16): " اختلط بآخره فكان يقلب الأسانيد ولا يعلم، ويرفع المراسيل فاستحق الترك وشيخه سليمان بن عطاء الراوي عن أبيه عطاء، ذكره ابن أبي حاتم (2 / 1 / 133) ولم يذكر فيه جرحا ولا تعديلا. وأما ابن حبان فذكره في " الثقات " (2 / 109) والحديث ذكره السيوطي في " الجامع " من رواية الطبراني، وتعقبه المناوي بالليثى هذا، ونقل عن العلائي أنه قال: " لا بأس بإسناده ". وهذا مردود ففيه كل البأس لما عرفت من كلام الأئمة في الليثى، وقد جاءت أحاديث كثيرة ثابتة بمعنى هذا، وليس في شيء منها " على كراسي من ياقوت " إنما " على كراسي من نور " (انظر الترغيب 4 / 47 - 48) فدل هذا على أن الحديث بهذا اللفظ منكر، لتفرد هذا الضعيف به، وخلوه عن جابر يقويه

৬৩৬। আল্লাহকে সন্তুষ্ট করার লক্ষ্যে পরস্পরে মুহাব্বাতকারীরা আরশের চারপার্শ্বে লাল রঙের ইয়াকুত পাথরের চেয়ারে থাকবে।

হাদীছটি মুনকার।

এটি তাবারানী (১/১৯৮/২) এবং আছ-ছাকাফী "আছ-ছাকাফিয়াত" (৬/৪৯/২) গ্রন্থে আব্দুল্লাহ ইবনু আব্দিল আযীয আল-লাইছ হতে তিনি সুলায়মান ইবনু আতা হতে ... বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ এ হাদীছটি নিরাপদ নয়।

আমি (আলবানী) বলছিঃ সনদটি নিতান্তই দুর্বল। এই আব্দুল্লাহ লাইছী সম্পর্কে ইমাম বুখারী ও আবু হাতিম বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। ইবনু হিব্বান "আল-মাজরুহীন" (২/১৬) গ্রন্থে বলেনঃ তার শেষ বয়সে মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল, তিনি তার অজান্তেই সনদগুলো উলট পালট করে ফেলতেন। আর মুরসাল হাদীছগুলোকে মারফু' করে ফেলতেন। ফলে তাকে পরিত্যাগ করাই তার প্রাপ্য।

তার শাইখ সুলায়মান ইবনু আতাকে ইবনু আবী হাতিম (২/১/১৩৩) উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। তবে ইবনু হিব্বান তাকে "আছ-ছিকাত" (২/১০৯) গ্রন্থে উল্লেখ করেছেন। সুযুতী হাদীছটি "আল-জামে" গ্রন্থে উল্লেখ করেছেন। এ কারণে মানবী তার সমালোচনা করেছেন। হাদীছটি নূরের চেয়ারের ভাষ্যে সাব্যস্ত হয়েছে। দেখুন "আত-তারগীব" (৪/৪৭-৪৮)। অতএব ইয়াকুতের চেয়ারের কথা উল্লেখ হওয়ায় আলোচ্য হাদীছটি মুনকার।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71515>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন